দৈনিক ইনকিলাব

তারিখ OCT. 1 9 1999
পৃষ্ঠা কলাম 2

# তথাকথিত তদন্তের নামে ছাত্রছাত্রীদের হয়রানি সহ্য করা হবে না

## —গণতান্ত্রিক ছাত্রঐক্য

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** অবিলম্বে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খুলে দেয়া, বর্ধিত ফি সম্পূর্ণ প্রত্যাহার, শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করা, ছাত্র ধর্মঘট চলাকালে নির্ধারিত পরীক্ষাসমূহ নেয়া ও গ্রেফতারকৃতদের মুক্তির দাবীতে গণতান্ত্রিক ছাত্রঐক্য গতকাল (সোমবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর কেন্টিনে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করে। সম্মেলনে লিখিত বক্তব্যে গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতা নুরুল ইসলাম, বলেন, আজ শিক্ষার উপর সর্বগ্রাসী আক্রমণ নেমে এসেছে। আর এ. ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ১১টি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরগণ যেভাবে ছাত্র স্বার্থবিরোধী অবস্থান নিয়েছেন তার প্রেক্ষিতে গত ১৩ অক্টোবর দেশের সব কয়টি বিশ্ববিদ্যালয় গণতান্ত্রিক ছাত্রঐক্য আহূত সর্বাত্মক ছাত্র ধর্মঘট সফলভাবে পালনে প্রমাণিত হয়েছে যে, ছাত্রসমাজ তাদের দাবী আদায়ে বদ্ধ পরিকর।

বক্তাগণ বলেন, আজ একদিকে আমরা ছাত্রদের শিক্ষার অধিকার রক্ষার্থে এবং শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করার দাবীতে আন্দোলন চালিয়ে যাচ্ছি। আমরা স্পষ্টভাবে জানিয়ে দিতে চাই হুমকি-ধমকি, তথাকথিত তদন্তের নামে আন্দোলনকারী ছাত্রছাত্রীদের হয়রানি করা কিছুতেই সহ্য করা হবে না। সম্মেলনে আগামী ২৬ অক্টোবর ও ১ নভেম্বর ঢাকায় মিছিল-সমাবেশ, ১০ নভেম্বর দেশব্যাপী মিছিল-সমাবেশ এবং ২০ নভেম্বর সকল বিশ্ববিদ্যালয় ও কলেজসমূহ থেকে প্রতিনিধি নিয়ে ঢাকায় কেন্দ্রীয় প্রতিনিধি সভার কর্মসূচী ঘোষণা করা হয়।